

বাঘ

পার্থসারথি সরকার

ঝোপের আড়ালে

লুকিয়ে ছিল

জীবন্ত মৃত্যু

বহু বারণ

অনেক সাবধানবানী

পেরিয়ে কিংবা উপেক্ষার ছলে

গিয়ে দাঁড়িয়ে ছিলাম

ঝোপের কাছে

আমি হারকিউলিস জাতিস্মর

ভেবেছিলাম মৃত্যু নেই

আমি অজর আমার

অথবা আমার কপালে

আঁকা কিংবদন্তীর রাজ তিলক

কিন্তু হঠাৎ ঝোপের থেকে

লাফ দিয়ে পড়ে

ছিনিয়ে নিয়ে গেল আমার হৃদয়

তারপর কুচি কুচি নৃশংস অবমাননায়

ঠাই হল তার

আর আমি এখন হৃদয়হীন

অর্ধমৃত এক জীবন্ত মানব

এখনও স্বপ্ন দেখি কোনদিন

ফিরে পাব হৃদয়।